বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন
কোম্পানী লিঃ (বাপেক্স)
বাপেক্স ভবন, ৪ কাওরান বাজার বা/এ, ঢাকা-১২১৫
www.bapex.com.bd

তারিখ: ১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**নম্বর:** ২৮.০৯.০০০০.০০০.০১২.৩৯.০০০৪.২৬.৫৮৭

**অফিস আদেশ**

বাপেক্স-এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) হালনাগাদকরণ, কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও পরিবীক্ষণের লক্ষ্যে প্রশাসন বিভাগের অফিস আদেশ স্মারক নম্বর: ২৮.০৯.০০০০.০১২.৩৯.০০১.২৪/৪০৪, তারিখ: ২৩ সেপ্টেম্বর ২০২৪ এর মাধ্যমে গঠিত কমিটি নিম্নবর্ণিত কর্মকর্তাগণের সমন্বয়ে পুনর্গঠন করা হলো:

কমিটি:

| | |
|---|---|
| ১. মিজ্ জেবুন নাহার, উপমহাব্যবস্থাপক (ভূতত্ত্ব), ভূতাত্ত্বিক বিভাগ | -আহবায়ক |
| ২. জনাব মোঃ জহুরুল ইসলাম, ব্যবস্থাপক (ইলেক্ট্রনিক্স), প্ল্যানিং এন্ড আইসিটি বিভাগ | -সদস্য |
| ৩. মোছাঃ শামিমাজ্জামান লিয়া, উপব্যবস্থাপক (ভূতত্ত্ব), পরীক্ষাগার বিভাগ | -সদস্য সচিব |
| ৪. জনাব সাব্বির আহমেদ, সহকারী ব্যবস্থাপক (প্রশাসন), প্রশাসন বিভাগ | -সদস্য |
| ৫. মিজ্ নুসরাত জাহান চৌধুরী, সহকারী কর্মকর্তা (প্রশাসন), প্রশাসন বিভাগ | -সদস্য |

**কমিটির করণীয়:**

(ক) কমিটি বাপেক্স এর প্রতিশ্রুত সেবাসমূহ নাগরিকসেবা, প্রাতিষ্ঠানিক সেবা, অভ্যন্তরীণ সেবা হিসেবে চিহ্নিতপূর্বক সরকার কর্তৃক জারিকৃত সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) নির্দেশিকা অনুসরণে বাপেক্স এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সময়ে সময়ে হালনাগাদ করবে;

(খ) কমিটি মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনার আলোকে প্রতি অর্থবছরে বাপেক্স এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কর্মপরিকল্পনা বাস্তবায়ন করা হচ্ছে কিনা তা যাচাই করবে। সংশ্লিষ্ট সকল কর্মকর্তা-কর্মচারীগণ এ বিষয়ে পরীবিক্ষণ কমিটিকে প্রয়োজনীয় সহায়তা প্রদান করবে;

(গ) কমিটি সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) বিষয়ে সময়ে সময়ে সরকারের জারিকৃত নির্দেশনার আলোকে বাপেক্স এর জন্য প্রযোজ্য সকল ধরণের কার্যক্রম গ্রহণ ও বাস্তবায়ন করবে;

(ঘ) কমিটি বাপেক্স এর সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) সম্পর্কিত রিপোর্ট প্রতি কোয়ার্টারে (তিনমাস পরপর) পেট্রোবাংলার সেবা প্রদান প্রতিশ্রুতি (সিটিজেন্স চার্টার) কার্যক্রমের 'ফোকাল পয়েন্ট কর্মকর্তা'র নিকট প্রেরণ করবে এবং এর অনুলিপি মহাব্যবস্থাপক (প্ল্যানিং এন্ড আইসিটি), বাপেক্স বরাবর প্রেরণ করবে;

(ঙ) পরিবীক্ষণ কমিটির আহবায়ক এবং সদস্য সচিব বাপেক্স এর সেবা প্রদান প্রতিশ্রুতি কার্যক্রমের যথাক্রমে ফোকাল পয়েন্ট কর্মকর্তা এবং বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তা হিসেবে দায়িত্ব পালন করবেন।

কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।

১৬-০৮-২০২৬
মোঃ আসাদ উল্লাহ
মহাব্যবস্থাপক (প্রশাসন)
ফোন : ০১৭১৩১২৯৬৮৩
ইমেইল : gmadmin@bapex.com.bd

নম্বর: ২৮.০৯.০০০০.০০০.০১২.৩৯.০০০৪.২৬.৫৮৭/১(৮)

তারিখ: ১ ভাদ্র ১৪৩৩ বঙ্গাব্দ
১৬ আগস্ট ২০২৬ খ্রিস্টাব্দ

**অবগতি ও প্রয়োজনীয় (প্রযোজ্য ক্ষেত্রে) ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হইল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। সকল মহাব্যবস্থাপকবৃন্দ (জেষ্ঠতার ক্রমানুসারে নয়)।
২। উপমহাব্যবস্থাপক, এক্সপ্লোরেশন উপবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৩। উপমহাব্যবস্থাপক, আইসিটি এন্ড এমআইএস উপবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স) (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহকারে)।
৪। ব্যবস্থাপক, আইসিটি এন্ড এমআইএস উপবিভাগ, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ ( বাপেক্স)।
৫। উপ-ব্যবস্থাপক, সেডিমেন্টলজি শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৬। উপ-ব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), জেনারেল এডমিন (অফিসার) শাখা, বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৭। সহকারী ব্যবস্থাপক (অতিরিক্ত দায়িত্ব), প্রশাসন বিভাগ , বাংলাদেশ পেট্রোলিয়াম এক্সপ্লোরেশন এন্ড প্রোডাকশন কোম্পানী লিঃ (বাপেক্স)।
৮। অফিস কপি।

১৬-০৮-২০২৬
মোঃ শাহীনুর ইসলাম
ব্যবস্থাপক (প্রশাসন)